

স্মারক নম্বর- ০৫.৪২.১৯৩৬.০০০.০৬.০৩৮.২৩-

তারিখ: ০৮ মাঘ ১৪৩০
২২ জানুয়ারি ২০২৪

গণ বিজ্ঞপ্তি

বিষয়: ভূমি উন্নয়ন কর পরিশোধ সংক্রান্ত

এতদ্বারা দাউদকান্দি উপজেলার সম্মানিত ভূমি মালিকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যাদের ভূমি উন্নয়ন কর বা জমির খাজনা বকেয়া রয়েছে তাদেরকে হালসন পর্যন্ত ভূমি উন্নয়ন কর পরিশোধ করার জন্য অনুরোধ করা হলো। যে সকল ভূমি মালিক ৩ বছর বা তার অধিককাল যাবৎ ভূমি উন্নয়ন কর বা খাজনা পরিশোধ করেননি তাদেরকে অতিসত্তর অনলাইনে হালসন পর্যন্ত ভূমি উন্নয়ন কর বা জমির খাজনা পরিশোধ করার জন্য বলা হলো (কোন কারণে অনলাইনে খাজনা পরিশোধ পদ্ধতি বোধগম্য না হলে স্ব স্ব ইউনিয়ন ভূমি অফিস হতে পরামর্শ গ্রহণ করা যাবে)। অন্যথায়, সরকারী দাবি আদায়ের স্বার্থে ০১-০৩ বছরের অনাদায়ী বকেয়া ভূমি উন্নয়ন কর আদায়ের জন্য সরকারি দাবি আদায় আইন, ১৯১৩ এর বিধান মোতাবেক ভূমির মালিকদের বিরুদ্ধে রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের করা হবে এবং যে সকল ভূমি মালিকের ০৩(তিন) বছরের উর্দে ভূমি উন্নয়ন কর বকেয়া রয়েছে তাদের সম্পত্তি রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ এর ৯২ ধারা মোতাবেক খাসকরণসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। জনস্বার্থে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

২২/০১/২০২৪

মো: জিয়াউর রহমান
সহকারী কমিশনার (ভূমি)
দাউদকান্দি, কুমিল্লা

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুমিল্লা।
 - ২। উপজেলা নির্বাহী অফিসার ও জেনারেল সার্টিফিকেট অফিসার, দাউদকান্দি, কুমিল্লা।
 - ৩। রেডিনিউ ডেপুটি কালেক্টর, কুমিল্লা।
 - ৪। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয় কুমিল্লা [জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য]
 - ৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা.....
- ইউনিয়ন ভূমি অফিস, দাউদকান্দি, কুমিল্লা [গণবিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের জন্য নির্দেশনা দেওয়া হলো]
- ৬। অফিস কপি।